

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৯৬

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১২. ফসলের যাকাত সম্পর্কে

باب صدَقةِ الزَّرْع

আরবী

حَدَّ قَنَا هَارُونُ بْنُ سَعِيدِ بْنِ الْهَيْثَمِ الْأَيْلِيُّ، حَدَّقَنَا عَبْدُ اللهِ بْنُ وَهْبٍ، أَخْبَرَنِي يُونُسُ بْنُ يَزِيدَ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ سَالِمٍ بْنِ عَبْدِ اللهِ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " فِيمَا سَقَتِ السَّمَاءُ وَالْأَنْهَارُ وَالْعُيُونُ أَوْ كَانَ بَعْلاً الْعُشْرُ وَفِيمَا سُقِيَ بِالسَّوَانِي أَوِ النَّضْح نِصنْفُ الْعُشْرِ "

_ صحيح : ق

বাংলা

১৫৯৬। সালিম ইবনু 'আবদুল্লাহ (রহঃ) হতে তার পিতার সুত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ভূমি বৃষ্টি, নদ-নদী ও ঝর্ণার পানি দ্বারা সিঞ্চিত হয় অথবা যে ভূমিতে তলদেশে থেকে আপনা আপনিই পানি সিঞ্চিত হয়, তাতে 'উশর' দেয়া ওয়াজিব (অর্থাৎ উৎপাদিত ফসলের এক-দশমাংশ যাকাত দিবে)। আর যে ভূমি উদ্বী, বালতি কিংবা সেচ যন্ত্র দিয়ে সিঞ্চন করা হয়, তার যাকাত হলো, উশরের অর্থেক (অর্থাৎ বিশ ভাগের এক ভাগ)।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

English

Narrated 'Abdallah bin Umar:

The Messenger of Allah(ﷺ) as saying A tenth is payable on what is watered by rain or rivers or brooks or from underground moisture and a twentieth on what is watered by draught camels.



ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : যাকাত, হাঃ ১৪৮৩), তিরমিয়ী (অধ্যায় : যাকাত, হাঃ ৬৪০) ইমাম তিরমিয়ী বলেন, হাদীসটি হাসান সহীহ, নাসায়ী (অধ্যায় : যাকাত, হাঃ ৫৪৮৭), ইবনু মাজাহ (অধ্যায় : যাকাত, হাঃ ১৮১৭)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন